

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 24-01-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Jal Jeevan Mission :**

কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের প্রতিমন্ত্রী ডা: রাজভূষণ চৌধুরী রাজ্যে জল জীবন মিশন প্রকল্পের রূপায়ণের কাজ প্রত্যক্ষ করতে উত্তর ত্রিপুরা জেলার দামছড়া এবং দশদা ব্লক সফর করেছেন। দুদিনের রাজ্য সফরকালে তিনি রাজ্য সরকারের আধিকারিক জেলা ও ব্লক স্তরের আধিকারিকদের সঙ্গে প্রকল্প নিয়ে পর্যালোচনা বৈঠক করেন। তিনি উচ্চাকাংখী ব্লক দামছড়ায় পর্যালোচনা বৈঠকের পর হালামপাড়ায় ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের উদ্বোধন করেন। পরে এই প্রকল্পের সুবিধাভোগীদের সঙ্গেও মত বিনিময় করেন। প্রকল্পের কাজকর্ম পরিদর্শন করে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌধুরী সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিশাতে কেন্দ্রীয় সরকার বিকশিত ভারত গঠনের লক্ষ্যে কাজ করে চলছে। এই লক্ষ্যে দেশের সমস্ত প্রান্তে সমানভাবে উন্নয়ন জরুরি।

##### Byte #####

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি নতুনদিল্লির সংবিধান সদনের সেন্ট্রাল হলে নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এবং অন্যান্য নেতারাও শ্রদ্ধা জানান। সেখানে উপস্থিত স্কুল ছাত্রদের সঙ্গে ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের বিষয়ে মতবিনিময়

করেন। তিনি জলবায়ু পরিবর্তন মোকাবেলার একটি হাতিয়ার হিসাবে প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনার কথা তুলে ধরেন।

\*\*\*\*\*

#### **AIR Programme :**

জনসচেতনতা বৃদ্ধি এবং জনশিক্ষার প্রসারে আকাশবাণী আগরতলা তার ধারাবাহিক উদ্যোগের অংশ হিসেবে সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে বিভিন্ন কলেজে সেমিনারের আয়োজন করে চলেছে। আজ আগরতলা টেকনো কলেজ অফ ইঞ্জিনিয়ারিং কমপ্লেক্সে বেলা আড়াইটায় সেমিনারের আয়োজন করা হয়েছে। সেমিনারের মূল বিষয় “নেতাজি সুভাষ এবং আজকের যুবসমাজ”।

\*\*\*\*\*

#### **Mahakumbha :**

তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু গতকাল প্রয়াগরাজের মহাকুম্ভ নগরে আকাশবাণী ও দূরদর্শনের ক্যাম্প অফিস ঘুরে দেখেছেন। তিনি দুটি সংস্থার আধিকারিকদের সঙ্গে আলাপচারিতার পাশাপাশি চলতি মহাকুম্ভ সম্প্রচারের ব্যবস্থাপনা খতিয়ে দেখেন।

\*\*\*\*\*

#### **Road Safety Week :**

পশ্চিম ত্রিপুরা জেলা নেহেরু যুব কেন্দ্র এবং প্রত্যয় সামাজিক সংস্থার যৌথ উদ্যোগে সড়ক সুরক্ষা সপ্তাহ উপলক্ষে গতকাল আগরতলা শহরের বিভিন্ন জায়গায় সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যোগেন্দ্রনগর বিদ্যাসাগর, মলয়নগর, বনকুমারী বাজার এলাকায় পথ দুর্ঘটনা রোধে সচেতনতামূলক রেলিও অনুষ্ঠিত হয়। রেলিতে ২৮ নং ওয়ার্ডের কর্পোরেটর নন্দ দুলাল দেবনাথ অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

### **Condolence Message :**

সিপিআই রাজ্য পরিষদের প্রাক্তন সদস্য তথা এডিসির দীর্ঘ ১৫ বছরের এমডিসি ধীরেন্দ্র রিয়াং গতকাল জিবি হাসপাতাল শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭১ বছর। দীর্ঘদিন ধরেই তিনি মধুমেহ রোগ সহ বিভিন্ন রোগে ভুগছিলেন। তার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে সিপিআই ত্রিপুরা রাজ্য সম্পাদক মন্ডলী।

\*\*\*\*\*

### **Meyor Club :**

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার বলেছেন, বর্তমানে বিভিন্ন ক্লাবগুলি সেবামূলক কাজে অগ্রনী ভূমিকা রাখছে। রাজনীতি ও দল মত নির্বিশেষে ক্লাব কর্মকর্তাদের এই পদক্ষেপ সমাজের পক্ষে মঙ্গল। গতকাল রাতে উত্তর যোগেন্দ্রনগর মহাশক্তি সঙ্ঘের নতুন ক্লাব ঘরের উদ্বোধন করে তিনি একথা বলেন।

\*\*\*\*\*

### **Ashwini Vaishnav :**

তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব মনে করেন, ভারত সহজেই ৬ থেকে ৮ শতাংশ আর্থিক বৃদ্ধি বজায় রাখতে সক্ষম হবে। দাভোসে বিশ্ব অর্থনৈতিক ফোরামের বার্ষিক সভায় তিনি বলেছেন, ভারতের অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধির সাফল্য নির্ভর করে আছে কারখানাজাত পণ্য উৎপাদন, পরিষেবা, শিল্প সংক্রান্ত আইন সরলীকরণের ওপর। অন্তর্ভুক্তিমূলক বৃদ্ধির সাফল্যের কারণেই নরেন্দ্র মোদী তৃতীয় বারের জন্য প্রধানমন্ত্রী নির্বাচিত হয়েছেন। তিনি আরো বলেন, শ্রী মোদী অর্থনৈতিক বৃদ্ধি যাতে সমাজের সর্বস্তরের মানুষের কাছে পৌঁছায় তা সুনিশ্চিত করেছেন।

\*\*\*\*\*

### **Flower's Exhibition :**

উদ্যান ও ভূমি সংরক্ষণ বিভাগ এবং কৈলাশহর পুর পরিষদের যৌথ উদ্যোগে গতকাল থেকে ঊনকোটি কলাক্ষেত্র প্রাঙ্গণে শুরু হয়েছে তিনদিনের পুষ্প প্রদর্শনী ও প্রতিযোগিতা। এই প্রদর্শনী ও প্রতিযোগিতার উদ্বোধন করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ। প্রদর্শনী চলবে আগামী শনিবার পর্যন্ত।

\*\*\*\*\*

#### **Rajnagar CHC :**

রাজনগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে গতকাল এলাকার ৩২ জন বয়স্ক ব্যক্তি এবং প্যালিয়েটিভ কেয়ার রোগীদের মধ্যে চলন সামগ্রী বিতরণ করা হয়েছে। একইদিনে রাজনগর বাজারে আয়ুস্মান ভারত প্রকল্পের সুবিধা ও কিশোরী অবস্হায় গর্ভবতী হওয়ার কুফল সম্পর্কে জনসচেতনতা মূলক দুইটি পথ নাটক অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

#### **Blood donation-Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার ব্লু-লোটাস ক্লাবের প্রতিষ্ঠা দিবস ও ৭৬-তম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে গতকাল ধলেশ্বরী উৎসব ও রক্তদান শিবিরে উদ্বোধন করেন। শিবিরে ৪০ জন রক্তদান করেন।

\*\*\*\*\*

#### **Best Short Film at the Oscars :**

ভারতে নির্মিত স্বল্পদৈর্ঘ্যের ছবি অনুজা এবার অস্কার পুরস্কারে সেরা শর্ট ফিল্ম বিভাগে জায়গা করে নিয়েছে। অনুজা ছবিটি পরিচালনা করেছেন অ্যাডাম জে গ্রেভস এবং সুচিত্রা মাতাই। ছবিতে গুণীত মোঙ্গা, প্রয়াঙ্কা চোপড়া ও মিল্ডি কলিং অভিনয় করেছেন। ছবির বিষয়বস্তু একটি ৯ বছরের মেয়ে ও তার বোনের জীবনকে নতুন ভাবে চেনা।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে রাজধানীর বিভিন্ন এলাকায় ঘন কুয়াশা পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয়েছে ১২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*